# উপজেলা ভূমি অফিস সোনাইমুড়ী এর  সিটিজেন চার্টার

| ক্র.নং | সেবার নাম | সেবা প্রদনের পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | নির্দিষ্ট সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারের বিধান |
|---|---|---|---|---|
| ০১. | নামজারী ও জমা খারিজ | অনলাইনে আবেদন প্রাপ্তির পর যথাযথ তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা বরাবর আবেদনটি প্রেরণ। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদন প্রাপ্তির পর ভিপি সহকারী, সার্ভেয়ার ও কানুনগো কর্তৃক রেকর্ড পর্যালোচনা পূর্বক প্রতিবেদন গ্রহণ। পক্ষগণকে নোটিশ প্রদানক্রমে শুনানি গ্রহণ সাপেক্ষে কোন আপত্তি না থাকলে অনুমোদন।<br>ক) আবেদন বাবদ কোর্ট ফি ২০.০০(পাঁচ) টাকা। | ২৮ (আটাশ)দিন | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)বরাবরে নামজারী আপিল দায়েরকরণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ) নোটিশ জারী ফি ৫০.০০(পঞ্চাশ) টাকা ।<br>গ) রেকর্ড সংশোধন ফি ১০০০.০০ (একহাজার) টাকা।<br>ঘ) প্রতি কপি মিউটেশন খতিয়ান ফি ১০০.০০(একশত) টাকা।<br>সর্বমোট= ১১৭০.০০ (এগার শত সত্তর) টাকা।<br>এখানে উল্লেখ্য যে, আবেদন বাবদ ২০.০০ (বিশ) টাকা কোর্ট ফি এর মাধ্যমে এবং অবশিষ্ট ফি ডি.সি. আর এর মাধ্যমে আদায় করতে হবে। | | |
| | | | | |
| ০২. | কৃষি খাস জমি বন্দোবস্ত | নির্ধারিত ফর্মে ভূমিহীনদের নিকট থেকে আবেদন গ্রহণ, আবেদন বাছাই, উপজেলা কমিটিতে ভূমিহীন হিসেবে | ৬০(ষাট)দিন | উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আপত্তি দায়েরকরণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্বাচন করা, জমাবন্দি প্রস্তুতপূর্বক জেলা কৃষি খাস জমি ব্যবস্থাপণা ও বন্দোবস্ত কমিটিতে প্রেরণ, জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদনের পর কবুলিয়ত সম্পাদন, কবুলিয়ত রেজিস্ট্রেশন ও খতিয়ান প্রস্তুত। | | |
| ০৩. | অকৃষি খাস জমি বন্দোবস্ত | আবেদন প্রাপ্তির পর তদন্ত শেষে নথি সৃজন ক্রমে বন্দোবস্তের প্রস্তাব প্রেরণ। এক্ষেত্রে ১৯৯৫ সালে অকৃষি খাস জমি বন্দোবস্ত নীতিমালা অনুসরণ করা হয়। | বিধি মোতাবেক প্রয়োজনীয় সময় | উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আপত্তি দায়েরকরণ। |
| ০৪. | ভূমি উন্নয়ন কর | মালিকানা সংক্রান্ত কাগজপত্র প্রদর্শন পূর্ব্বক ইউনিয়ন ভূমি অফিসে ভূমি উন্নয়নকরের টাকা পরিশোধ করে রশিদ গ্রহণ | ০২(দুই)দিন | সহকারী কমিশনার (ভূমি)বরাবরে আপত্তি দায়ের করণ। |
| ০৫. | অর্পিত সম্পত্তি বন্দোবস্ত ও | আবেদন প্রাপ্তির পর ইউনিয়ন ভূমি সহকারী তদন্ত সাপেক্ষে | ১৫(পনের)দিন | অতিরিক্ত জেলা প্রশাসক |

| | | | | |
|---|---|---|---|---|
| | নবায়ন | সঠিক পাওয়া গেলে নবায়নের সুপারিশ সহকারে উপজেলা নির্বাহী অফিসারের বরাবরে প্রস্তাব প্রেরণ।<br>লীজের শর্ত ভঙ্গ না করলে লীজমানি ডিসি আর এর মাধ্যমে আদায়। | | (রাজস্ব)বরাবরে আপত্তি দায়েরকরণ। |
| ০৬. | জলমহাল (২০একর পর্যন্ত) | প্রতি বাংলা নববর্ষের পূর্বে জলমহাল ইজারার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তির আলোকে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হয়। সংশ্লিষ্ট উপজেলা কমিটি যোগ্যতম আবেদনকারীকে বিধি মোতাবেক ইজারা প্রদান করে থাকে। | ১৫(পনের)দিন | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)বরাবরে আপত্তি দায়েরকরণ। |
| ০৭. | পেরীফেরীভূক্ত বাজারের অস্থায়ী একসনা লীজ নবায়ন | (ক) সর্বোচ্চ আধা শতক বা ২০ বর্গমিটার।<br>(খ) প্রকৃত ব্যবসায়ীর ট্রেড লাইসেন্স থাকতে হবে।<br>নীতিমালা অনুযায়ী প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের | ০৩(তিন)দিন | উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আপত্তি দায়েরকরণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়ের প্রেরণ করা হয়। ইউনিয়ন ভূমি অফিসের প্রতিবেদনের আলোকে লীজের শর্তভঙ্গ না করলে প্রতি বর্গমিটার ১৩/- টাকা হারে লীজমানি গ্রহণপূর্বক নবায়ন করা হয় এবং ডিসিআর প্রদান করা হয়। | | |
| ০৮. | রেন্ট সার্টিফিকেট মামলা | ধারাবাহিকভাবে পরপর দুই বছর ভূমি উন্নয়ন পরিশোধ না করলে ‘‘সরকারী বকেয়া পাওনা আদায় আইন-১৯১৩’’ অনুযায়ী রেন্ট সার্টিফিকেট মামলা দায়েরের মাধ্যমে ভূমি উন্নয়ন করের বকেয়া দাবী ও সরকারী পাওনা আদায় করা হয়। | বিধি মোতাবেক সময় | উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আপত্তি দায়েরকরণ। |
| ০৯. | খাস জমির সীমানা নির্ধারণ | সরকারীজমির সাথে ব্যক্তিমালিকানাধীন সম্পত্তি থাকলে তা ব্যক্তিমালিকানাধীন জমিরমালিকের ৫ টাকা | ১৫(পনের)দিন | উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আপত্তি দায়েরকরণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কোর্ট ফি দিয়ে সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদনেরপ্রেক্ষিতে সার্ভেয়ার কর্তৃক সীমানা নির্ধারণ করা হয়। | | |
| ১০. | অবৈধ দখলকার উচ্ছেদ | সরকারীখাসজমিতে অবৈধ দখলকার থাকলে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা বা যে কোনব্যক্তির দরখাস্তের প্রেক্ষিতে সার্ভেয়ার কর্তৃক সীমানা নির্ধারণ করেউচ্ছেদ মামলা রুজু করে জেলা প্রশাসক বরাবরে প্রেরণ করা হয় এবং জেলাপ্রশাসকের আদেশের প্রেক্ষিতে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা হয়। | ৩০(ত্রিশ)দিন | উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আপত্তি দায়েরকরণ। |
| ১১. | শ্রেণী পরিবর্তন | আবেদন প্রাপ্তির পর যথাযথ তদন্ত পূর্ব্বক জেলা কালেক্টর বা জেলা প্রশাসক মহোদয় বরাবর তদন্ত প্রতিবেদন প্রেরণ। | ১৫(পনের)দিন | - |
| ১২. | ভূমি মালিকানা | আবেদন প্রাপ্তির পর যথাযথ | ১৫(পনের)দিন | উপজেলা নির্বাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| | সনদপত্র প্রদান | তদন্ত সাপেক্ষে আবেদনকারীর নামে রেকর্ড থাকলে সনদপত্র ইস্যু। | | অফিসার বরাবরে আপত্তি দায়েরকরণ। |
| ১৩. | মিস কেসের জাবেদা নকল ও নামজারি খতিয়ান এর সার্টিফাইড কপি | ২০/- (বিশ) টাকা মূল্যের কোর্টফি সহ আবেদন করতে হবে। কেসনথি সংরক্ষিত থাকা সাপেক্ষে খতিয়ান প্রদান করা হবে। | ০৫(পাঁচ)দিন | উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আপত্তি দায়েরকরণ। |
| ১৪. | মিস কেসের মাধ্যমে বিবিধ বিষয়ে প্রতিকার প্রদান | ২০/- (বিশ) টাকা মূল্যের কোর্টফি সহ কি প্রতিকার চান, তা স্পষ্টভাবে উলেস্নখ পূর্বক আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে জাতীয় পরিচয়পত্র ও এক কপি পাসপোর্ট আকারের ছবিসহ আরো যা লাগবেঃ (ক) আদালতের রায়/ডিক্রির মাধ্যমে রেকর্ড সংশোধন চাইলে উক্ত রায়ের সার্টিফায়েড/ ফটোকপি, (খ) অন্যান্য ক্ষেত্রে আবেদনের আলোকে | ১ মাস থেকে ৩ মাস | উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আপত্তি দায়েরকরণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রয়োজনীয় সকল কাগজপত্র | | |